**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

প্রধান প্রকৌশলী (ড্রেজিং), ড্রেজিং বিভাগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
(বিআইডব্লিউটিএ)

--------------------------------------------------------------------

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

--------------------------------------------------------------------

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২৪- ৩০ জুন, ২০২৫

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১ :সাধারণ  কার্যাবলি | ৫ |
| সেকশন ২ :কর্মসম্পাদন পরিকল্পনা | ৬ |
| বিভাগীয় প্রধান ও চেয়ারম্যান মহোদয়ের সাক্ষর | ৭ |
| সংযোজনী ১:শব্দসংক্ষেপ | ৮ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপন পদ্ধতি | ৯ |

## কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ

### ক) সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

"অভ্যন্তরীণ নৌ-পথের ৫৩টি রুটে ক্যাপিটাল ড্রেজিং (১ম পর্যায়ঃ ২৪টি নৌ-পথ)" শীর্ষক প্রকল্প, "পুরাতন ব্রহ্মপুত্র, ধরলা, তুলাই ও পূনর্ভবা নদী নাব্যতা উন্নয়ন ও পুনরুদ্ধার "-শীর্ষক প্রকল্প ঢাকা-লক্ষীপুর নৌ-পথের লক্ষীপুর প্রান্তে মেঘনা নদী ড্রেজিং এর মাধ্যমে নাব্যতা উন্নয়ন" শীর্ষক উন্নয়ন প্রকল্পের আওতায় বিগত ০৩ অর্থবছরে (২০২০-২১, ২০২১-২২, ২০২২-২৩) মৃত প্রায় নদী খনন করে ৭১৯ কি.মি. নৌ-পথ নাব্য করা হয়েছে এবং ৬৬৫ লক্ষ ঘন মিটার সংরক্ষন ড্রেজিং করা হয়েছে। "২০টি ড্রেজারসহ সহায়ক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সংগ্রহ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০টি ড্রেজার এবং ৯২ টি আনুষাঙ্গিক জলযান সংগ্রহ করা হয়েছে। "২০টি ড্রেজারসহ সহায়ক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সংগ্রহ"শীর্ষক প্রকল্পের আওতায় মোট ০৫টি ড্রেজার বেইজ (নারায়ণগঞ্জ ড্রেজার বেইজ, শিমুলিয়া ড্রেজার বেইজ, আরিচা ড্রেজার বেইজ,বরিশাল ড্রেজার বেইজ এবং খুলনা ড্রেজার বেইজ) নির্মাণ করা হয়েছে। "৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষাঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ এবং প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় ০৯ টি লংবুম এক্সকেভেটর, ১২ টি ফর্ক লিফট, ১৫ টি পাইপ কেরিং ডাম্ব বার্জ, ১২টি লংবুম এক্সকেভেটর পন্টুন, ১১টি টার্মিনাল পন্টুন, ১টি কেবিন ক্রুজার, ২টি ডেমুলিশন এক্সকেভেটর এবং ০৫টি এম্ফিবিয়ান এক্সকেভেটর সংগ্রহ করা হয়েছে । এছাড়া একই প্রকল্পের আওতায় ০৭ টন বোলার্ড পুলের ০৫টি টাগবোট এবং ১২ টন বোলার্ড পুলের ১০টি টাগবোট নির্মাণের ৭০% ভৌত অগ্রগতি অর্জিত হয়েছে।

### খ) সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

১) প্রকল্পের আওতায় যেসব নদীতে ড্রেজিং করা হয়, পরবর্তীতে ২-১ বছরের মধ্যেই পলি জমে ভরাট হয়ে যায় যা নিয়মিত সংরক্ষণ খননের প্রয়োজন হয়। ফলে সংরক্ষণ ড্রেজিং এর চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। কিন্তু প্রয়োজন অনুযায়ী রাজস্ব বাজেটে বরাদ্দ পাওয়া যায় না।

২) অনেক ক্ষেত্রে ড্রেজিং এর মাটি প্রতিস্থাপনের জন্য পর্যাপ্ত জায়গা পাওয়া যায়না। সেক্ষেত্রে ফসলের ক্ষতিপূরণ/জমি অধিগ্রহন করে ড্রেজিং এর মাটি ফেলার কারনে সময় ক্ষেপন হয়।

৩) বেশীর ভাগ ক্ষেত্রেই মৃত: বা মৃত প্রায় নদীর ওপর নিচু ব্রীজ, ঝুকিঁপুর্ণ ব্রীজ থাকায় ড্রেজিং কাজ বিঘ্নিত হয়।

৪) দীর্ঘদিন নদী ড্রেজিং না হওয়ায় মৃত হওয়ার কারনে জন-সাধারন ঘরবাড়ি, বিভিন্ন প্রতিষ্ঠান নির্মান, চাষাবাদ করে। এক্ষেত্রে সীমানা নির্ধারনে জটিলতায় সময় ক্ষেপন হয়।

৫) প্রস্তবিত প্রকল্পগুলোর বিপরীতে অর্থ বরাদ্দের নিশ্চয়তা অর্থ মন্ত্রণালয় হতে না দেওয়ায় ড্রেজিং প্রকল্পগুলো অনুমোদন হচ্ছেনা। ফলে নির্বাচনী ইশতেহারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন করা সম্ভব হচ্ছেনা।

৬) প্রাকৃতিক কারন যেমন বর্ষাকালে উজান হতে নেমে আসা ঢলের কারনে সৃষ্ট স্রোতে ড্রেজার রাখা সম্ভব হয়না। জনবল ঘাটতির কারনেও ড্রেজার পরিচালনা বিঘ্নিত হয়।

৭) অনুমোদিত প্রকল্পসমূহের বিপরীতে পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প শেষ করা সম্ভব হচ্ছেনা।

### গ) ভবিষৎ পরিকল্পনা

১) নদী ড্রেজিং এর মাস্টার প্লান অনুযায়ী বিআইডব্লিউটিএ কর্তৃক ১৭৮টি নদী খনন করে প্রায় ১০ হাজার কিলোমিটার নৌ-পথ নাব্য করা হবে। সে লক্ষ্যে ৪টি প্রকল্প ফিজিবিলিটি স্ট্যাডি শেষে অনুমোদনের অপেক্ষায় আছে এবং আরো ০৪টি প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন হয়েছে। নদীর নাব্যতা উন্নয়ন করা হলে সারা বছর নৌ চলাচল উপযোগী হবে। এতে করে যাত্রী ও মালামাল পরিবহণে খরচ কম হবে, মৎস উৎপাদন, কৃষি ও সেচ কাজ বৃদ্ধি পাবে, বন্যার প্রবণতা হ্রাস পাবে। যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করবে।

২) প্রায় ১০ হাজার কিলোমিটার নৌ-পথ নাব্য করতে পর্যায়ক্রমে আরো ড্রেজার ও সহায়ক জলযান সংগ্রহের প্রয়োজন হবে।

### ঘ) ২০২৪-২৫ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

১) **"পুরাতন ব্রহ্মপুত্র, ধরলা, তুলাই ও পুনর্ভবা নদী নাব্যতা উন্নয়ন ও পুনরুদ্ধার"** শীর্ষক প্রকল্প, **"মিঠামইন উপজেলার ঘোড়াউতরা, বোলাই-শ্রীগাং নদীর অংশবিশেষ ও ইটনা উপজেলার ধনু নদী, নামাকুড়া নদী এবং অষ্টগ্রাম উপজেলার ধলেশ্বরী নদীর অংশবিশেষের নাব্যতা উন্নয়ন ও পুনরুদ্ধার"** শীর্ষক প্রকল্প এবং **"জিনাই, ঘাঘট, বংশী এবং নাগদা নদীর প্রবাহ পুনরুদ্ধারের জন্য শুষ্ক মৌসুমে নদীর প্রবাহ নিশ্চিতকরণ, নৌ-পথের উন্নয়ন ও বন্যা ব্যবস্থাপনা"** প্রকল্পের অধীনে ক্রমপুঞ্জিত ১৩৩০ কি.মি. নৌ-পথ নাব্য করা হবে।

২) সংরক্ষণ ড্রেজিং এর মাধ্যমে ২২০ লক্ষ ঘঃমিঃ পলি অপসারন করা সম্ভব হবে।

৩) **"৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষাঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ এবং প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ"** -শীর্ষক প্রকল্পের আওতায় ৪টি কাটার সাকশন ড্রেজার সংগ্রহ করা।

৪) **"৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষাঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ এবং প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ"** -শীর্ষক প্রকল্পের আওতায় ৪টি ক্রেনবোট সংগ্রহ করা।

৫) **"৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষাঙ্গিক সরঞ্জামাদি সংগ্রহ এবং প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ"** -শীর্ষক প্রকল্পের আওতায় ০৭টি টাগবোট সংগ্রহ করা।

প্রকৌশলী (ড্রেজিং)
বাঅনৌপক, ঢাকা।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান প্রকৌশলী (ড্রেজিং), ড্রেজিং বিভাগ

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ।

এর মধ্যে ২০২৪ সালের জুন.. মাসের ৩০.. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

(রকিবুল ইসলাম তালুকদার)
প্রধান প্রকৌশলী (ড্রেজিং)
ড্রেজিং বিভাগ, বাঅনৌপক, ঢাকা।

## সেকশন-১:

**১.১ সাধারণ কার্যাবলিঃ**

ক) অভ্যন্তরীণ নৌ-পথের নাব্যতা সংরক্ষনের জন্য বার্ষিক ড্রেজিং কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন।

খ) নতুন নৌ-পথ চালু করার উদ্দেশ্যে মৃত ও মৃতপ্রায় নদী, চ্যানেল ও খাল খনন।

গ) নৌ-পথের খনন কাজের সুবিধার্থে নতুন জলযান সংগ্রহের জন্য কার্যক্রম গ্রহণ।

## সেকশন -২

<u>কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ</u>

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা/ নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪* (এপ্রিল-২০২৪) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| নদী চ্যানেল ও খাল খনন | ১০০ | [১.১] নৌ-পথসমূহের ক্যাপিটাল ড্রেজিং | নাব্যকৃত নৌ-পথের দৈঘ্য | ক্রমপুঞ্জিত | কিঃমিঃ | ২৫ | ১১৮৪.৯৬ | ১২৬০ | ১৩৩০ | ১৩২৫ | ১৩২০ | ১৩১০- | ১৩০০ | ১৪৩০ | ১৫৮০ | |
| | | [১.২] নৌ-পথ সমূহের সংরক্ষণ ড্রেজিং | অপসারনকৃত পলি | সমষ্টি | লক্ষ ঘনঃমিঃ | ২৫ | ২১৮.৯০ | ২২০ | ২২০ | ২১৫ | ২১০ | ২০৫ | ২০০ | ২৪০ | ২৫০ | |
| | | [১.৩] ড্রেজার সংগ্রহ | সংগৃহীত ড্রেজার | সমষ্টি | সংখ্যা | ১৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | ৭ | ১০ | |
| | | [১.৪] ড্রেজার সহায়ক জলযান ক্রেনবোট সংগ্রহ | সংগৃহীত ক্রেনবোট | সমষ্টি | সংখ্যা | ২০ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৯ | |
| | | [১.৫] ড্রেজার সংশ্লিষ্ট সহায়ক জলযান টাগবোট সংগ্রহ | সংগৃহীত টাগবোট | সমষ্টি | সংখ্যা | ১৫ | - | - | ৭ | ৬ | ৫ | ৪ | - | ১০ | - | |

(রাকিবুল ইসলাম তালুকদার)
প্রধান প্রকৌশলী (ড্রেজিং)
ড্রেজিং বিভাগ, বাঅনৌপক, ঢাকা।

আমি প্রধান প্রকৌশলী (ড্রেজিং), ড্রেজিং বিভাগ, হিসেবে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, হিসেবে প্রধান প্রকৌশলী (ড্রেজিং), ড্রেজিং বিভাগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

প্রধান প্রকৌশলী (ড্রেজিং), ড্রেজিং বিভাগ,
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

তারিখ: ৩০-০৬-২০২৪

প্রধান প্রকৌশলী (ড্রেজিং)
ড্রেজিং বিভাগ, বাঅনৌপক, ঢাকা।

চেয়ারম্যান
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

কমডোর আরিফ আহমেদ মোস্তফা
চেয়ারম্যান
বিআইডব্লিউটিএ, ঢাকা

তারিখ ৩০-০৬-২০২৪

# সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিআইডব্লিউটিএ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ |
| ২। | লক্ষ ঘঃ মিঃ | লক্ষ ঘন মিটার |

(রকিবুল ইসলাম তালুকদার)
প্রধান প্রকৌশলী (ড্রেজিং)
ড্রেজিং বিভাগ, বাঅনৌপক, ঢাকা।

## সংযোজনী -২

| ক্রঃনং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ০১ | [১.১] নৌপথসমূহের ক্যাপিটাল ড্রেজিং | [১.১.১] নাব্যকৃত নৌপথের দৈর্ঘ্য | প্রধান প্রকৌশলী (ড্রেজিং) কর্তৃক প্রত্যয়ন পত্র, সারসংক্ষেপ প্রতিবেদন, প্রি-পোস্ট জরিপ চার্ট, ম্যাপ, ছবি/ভিডিও ইত্যাদি। |
| ০২ | [১.২] নৌপথসমূহের সংরক্ষণ ড্রেজিং | [১.২.১] অপসারণকৃত পলি | প্রধান প্রকৌশলী (ড্রেজিং) কর্তৃক প্রত্যয়ন পত্র, সারসংক্ষেপ প্রতিবেদন, প্রি-পোস্ট জরিপ চার্ট, ম্যাপ, ছবি/ভিডিও ইত্যাদি। |
| ০৩ | [১.৩] ড্রেজার সংগ্রহ | [১.৩.১] সংগৃহীত ড্রেজার | প্রকল্প পরিচালকের প্রত্যয়ন পত্র, PIC/PSC সভার কার্য বিবরনী, সারসংক্ষেপ প্রতিবেদন, ছবি/ভিডিও ইত্যাদি। |
| ০৪ | [১.৪] ড্রেজার সহায়ক জলযান ক্রেনবোট সংগ্রহ | [১.৪.১] সংগৃহীত ক্রেনবোট | প্রকল্প পরিচালকের প্রত্যয়ন পত্র, PIC/PSC সভার কার্য বিবরনী, সারসংক্ষেপ প্রতিবেদন, ছবি/ভিডিও ইত্যাদি। |
| ০৫ | [১.৫] ড্রেজার সংশ্লিষ্ট সহায়ক জলযান টাগবোট সংগ্রহ | [১.৫.১] সংগৃহীত টাগবোট | প্রকল্প পরিচালকের প্রত্যয়ন পত্র, PIC/PSC সভার কার্য বিবরনী, সারসংক্ষেপ প্রতিবেদন, ছবি/ভিডিও ইত্যাদি। |

(রকিবুল ইসলাম তালুকদার)
প্রধান প্রকৌশলী (ড্রেজিং)
ড্রেজিং বিভাগ, বাঅনৌপক, ঢাকা।